

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
 (ত্রাণ কর্মসূচি-২ অধিশাখা)  
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.modmr.gov.bd](http://www.modmr.gov.bd)

নং-৫১.০০.০০০০.৮২২.১৪.০০২.১৭.১০৬

তারিখ: ১২ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি./ ৩০ মাঘ ১৪২৪ ব.।

**বিষয়:** চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচির আওতায় সোলার হোম সিস্টেম, সোলার মিনি/মাইক্রো/ন্যানো গ্রীড, সৌর সেচ পাম্প, বায়োগ্যাস প্ল্যান্ট ও উন্নত চুলা প্রকল্প বাস্তবায়নে সংরক্ষিত মহিলা আসনের অনুকূলে ২য় কিস্তির অর্থ বরাদ্দ প্রদান।

উপর্যুক্ত বিষয়ে চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচির আওতায় সোলার হোম সিস্টেম, সোলার মিনি/ মাইক্রো/ ন্যানো গ্রীড, সৌর সেচ পাম্প, বায়োগ্যাস প্ল্যান্ট ও উন্নত চুলা প্রকল্প বাস্তবায়নে সংরক্ষিত মহিলা আসনে উল্লিখিত বিভাজন মোট ৭,৯৫,৩০,৩২০.৯৭ (সাত কোটি পাঁচানবই লক্ষ ত্রিশ হাজার তিনিশত বিশ দশমিক নয় সাত) টাকা নিম্নবর্ণিত শর্তানুসারে ২য় কিস্তির বরাদ্দ মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের অনুকূলে নির্দেশক্রমে ছাড় করা হলো। এই ব্যয় বাজেট কোড নং ৩-৪৯০৩-০০১-৫৯৯২ হতে নির্বাহ করা হবে।

ক্রম	বরাদ্দের খাত	মোট বরাদ্দের পরিমাণ	সোলার হোম সিস্টেম খাতে বরাদ্দ
১।	সংরক্ষিত মহিলা আসন (৫০টি)	১৬,২৩,০৬,৭৭.৫০	৭,৯৫,৩০,৩২০.৯৭
	মোট:	১৬,২৩,০৬,৭৭.৫০	৭,৯৫,৩০,৩২০.৯৭

**শর্তসমূহ:**

- (১) এ মন্ত্রণালয়ের ২য় কিস্তির বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা টি.আর কর্মসূচির নির্দেশিকা অনুসরণ করে সতর জেলা কর্ধার কমিটির নিকট প্রেরণ করতে হবে;
- (২) এ কর্মসূচির বিপরীতে প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন আগামী ৩০/০৪/২০১৮ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।
- (৩) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গত ৩ এপ্রিল ২০১৬ খ্রি. তারিখের নং-৫১.০০.০০০০.৮২২.০০১.১৫-১২৪ সংখ্যক নির্দেশিকা অনুযায়ী ইডকল এর মনোনীত পার্টনার অর্গানাইজেশন (পিও) এর মাধ্যমে সোলার হোম সিস্টেম খাতে বরাদ্দকৃত অর্থ দ্বারা সোলার প্যানেল, সোলার ইরিগেশন, সোলার সিস্টেমে স্থাপন, বায়োগ্যাস প্রকল্প ও উন্নত চুলা বাস্তবায়ন করতে হবে।
- (৪) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধান ও টি.আর সংশোধিত নির্দেশিকা-২০১৪ বর্ণিত অনুশাসনবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৫) এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/ বাছাই টি.আর কর্মসূচির সংশোধিত নির্দেশিকার ৪ নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (৬) জেলা কর্ধার কমিটির অনুমোদনকৃত প্রকল্পের অনুকূলে অর্থ ছাড়করণের জন্য জেলা প্রশাসকগণের প্রতিবেদন অনুসারে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ব্যবাধির মূল বরাদ্দ প্রদান করবে;
- (৭) সংরক্ষিত আসনের মাননীয় মহিলা সংসদ সদস্যদের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ব্যবহারের লক্ষ্যে তাঁর সংরক্ষিত আসনের অনুকূলে জেলা/ উপজেলাওয়ারী বিভাজন সংগ্রহ করে তা সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করতে হবে।
- (৮) বাস্তবায়নাধীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/ পৌরসভা) নির্বাচিত সদস্য/কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া।
- (৯) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের নায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি'র সভাপতি করা।
- (১০) নির্ধারিত সময় সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরৎ নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ।
- (১১) কর্মসূচির বরাদ্দ বিভাজনের ক্ষেত্রে সংরক্ষিত মহিলা সংসদ সদস্যদের সংসদীয় এলাকা নির্দিষ্টকরণ।
- (১২) কোন প্রকল্প ভূয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত/ আইন বিধির আওতায় আনা।

**স্বাক্ষরিত/-**

(এ কে এম টিপু সুলতান)

যুগ্মসচিব (ত্রাক-২)

ফোনঃ ৯৫৪০১৪৩

dsrelicsproc2@modmr.gov.bd

**মহাপরিচালক**

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

দুর্যোগ ব্যবস্থাপনা ভবন

৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।


অপর পাতা দ্রু:

নং-৫১.০০.০০০.৮২২.১৪.০০২.১৭.১০৬

তারিখ: ১২ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি।/ ৩০ মাঘ ১৪২৪ ব.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নথি):

- ১। মাননীয় সংসদ সদস্য (সংরক্ষিত মহিলা আসন) (সকল).....।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ৬। জেলা প্রশাসক, (সকল) -----।
- ৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৮। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, ১৬ আশুল গণি রোড, ঢাকা।
- ১০। সিটেম এনালিষ্ট, আই. সি. টি সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং ই-মেইলে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণের জন্য)।
- ১১। অতিঃ সচিব (ত্রাণ)-এর বাস্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিঃ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

  
(এ কে এম টিপু সুলতান)

যুগ্মসচিব (ত্রাণ-২)।